**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**ঢাকা,** বুধবার **২৩ জুন ২০১৬, ৯ আষাঢ় ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্ব থেকে জঙ্গিবাদ নির্মূলে সক্রিয় থাকবে বাংলাদেশ : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী
২। গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করে দারিদ্র্য বিমোচন করা সম্ভব : প্রধানমন্ত্রী
৩। বিচারপতি ও কূটনীতিকদের সম্মানে গণভবনে প্রধানমন্ত্রীর ইফতার
৪। নির্বাহী আদেশে ঈদে ৯ দিন ছুটি পাচ্ছেন সরকারি কর্মচারীরা
৫। ভাসমান এলএনজি টার্মিনাল চুক্তিসহ ৯ প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে অনুমোদন
৬। পদ্মা সেতুর ৩৫ শতাংশ কাজ সম্পন্ন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৭। এফডিআই প্রবৃদ্ধিতে দক্ষিণ এশিয়ায় শীর্ষে বাংলাদেশ
: প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ নিয়ে আঙ্কটাডের রিপোর্ট
৮। বাংলাদেশিদের গড় আয়ু বেড়ে দাঁড়িয়েছে ৭১ বছর
৯। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সংলাপ শুরু আজ : প্রধান ইস্যু সন্ত্রাসবাদ মোকাবিলা
১০। আজ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস

চলমান পাতা-২

১। **বিশ্ব থেকে জঙ্গিবাদ নির্মূলে সক্রিয় থাকবে বাংলাদেশ : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সারাবিশ্বে সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে সব সময়ে সক্রিয় থাকবে বাংলাদেশ। আর এদেশে কোনো জঙ্গি বা সন্ত্রাসীদের জায়গা হবে না। তাদের কোনোভাবেই প্রশ্রয় দেওয়া হবে না। সন্ত্রাস ও জঙ্গিবাদ রোধে যা করার তাই করবো। এ ব্যাপারে আমাদের দৃঢ় ভূমিকা সব সময়ই ছিল। ইতোমধ্যে বাংলাদেশ সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছে। এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে বিষয়েও আমরা দৃঢ়প্রতিজ্ঞ। তিনি বলেন, ইসলাম শান্তির ধর্ম। ইসলামে জঙ্গিবাদের কোনো স্থান নেই। এই শান্তির ধর্মের সম্মান যেন আমরা আরো উচ্চতায় নিতে পারি সেই প্রচেষ্টা আমাদের অব্যাহত থাকবে। গতকাল ২২ জুন বুধবার সংসদ অধিবেশনে নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব, ডেইলি স্টার, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **ইনকিলাব, জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করে দারিদ্র্য বিমোচন করা সম্ভব : প্রধানমন্ত্রী**

উচ্চ সুদের জালে দরিদ্র মানুষকে জড়িয়ে ফেলার কারণ উল্লেখ করে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের পুনরায় সামালোচনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঋণের এই জাল থেকে বিরিয়ে বাংলাদেশের গ্রামের দরিদ্র মানুষদের স্বাবলম্বী হতে 'একটি বাড়ি একটি খামার প্রকল্প'ও 'পল্লী সঞ্চয় ব্যাংককে' অবলম্বন করার আহ্বান জানিয়ে তিনি বলেছেন, গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করে দারিদ্র্য বিমোচন সম্ভব। সরকারও এ লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। গতকাল ২২ জুন বুধবার গণভবনে পল্লী সঞ্চয় ব্যাংকের **১০০**টি শাখা একসঙ্গে উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে গোপালগঞ্জ, ফরিদপুর ও সিলেটে পল্লী সঞ্চয় ব্যাংকের উপভোগকারীদের সঙ্গেও কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)**, জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**জনকণ্ঠ, ভোরের কাগজ, নিউজ এজ, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **বিচারপতি ও কূটনীতিকদের সম্মানে গণভবনে প্রধানমন্ত্রীর ইফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২২ জুন বুধবার তার সরকারি বাসভবন গণভবনে বিচারপতি কূটনৈতিক এবং ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের সম্মানে এক ইফতার পার্টির আয়োজন করেন। প্রধানমন্ত্রী বিভিন্ন টেবিলে গিয়ে অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন। এছাড়া ইফতারের আগে দেশ ও জাতির শান্তি, উন্নতি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**সংবাদ, সমকাল, যায়যায়দিন, জনকণ্ঠ, ডেইলি সান, অবজারভার, ফিনানশিয়ালএক্সপ্রেস, নিউ এজ, নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৪। **নির্বাহী আদেশে ঈদে ৯ দিন ছুটি পাচ্ছেন সরকারি কর্মচারীরা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাহী আদেশে এবারের ঈদে টানা নয় দিন ছুটি কাটানোর সুযোগ পাচ্ছেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। ঈদের আগে আগামী ৪ জুলাই অফিস করার কথা থাকলেও এ দিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ছুটি ঘোষণা করা হয়েছে। এর পরিবর্তে আগামী **১৬** জুলাই শনিবার অফিস করতে হবে। এটিই দেশের ইতিহাসে একটানা সবচেয়ে দীর্ঘদিনের ছুটি। গতকাল ২২ জুন বুধবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কামাল আবদুল নাছের চৌধুরী বলেন, মানুষ যাতে নির্বিঘ্নে বাড়ি যেতে পারে এবং আনন্দমুখর পরিবেশে ঈদের ছুটি কাটাতে পারেন, সে জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৫। **ভাসমান এলএনজি টার্মিনাল চুক্তিসহ ৯ প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে অনুমোদন**

মহেশখালীতে **১৫৬** কোটি টাকা ব্যয়ে ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন চুক্তিসহ নয়টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ২২ জুন বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের অনুপস্থিতিতে বৈঠকে সভাপতিত্ব করেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। বৈঠকে শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মো. মোস্তাফিজুর রহমান জানান, মহেশখালীতে দৈনিক ৫০০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন ভাসমান এলএনজি

টার্মিনাল স্থাপনের জন্য পেট্রোবাংলা ও এক্সিলেরেট এনার্জি বাংলাদেশের মধ্যে সম্পাদিত খসড়া 'টার্মিনাল ইউজ এগ্রিমেন্ট' 'ইমপ্লিমেন্টেশন এগ্রিমেন্ট' ও 'সাইড লেটার এগ্রিমেন্ট' চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। দৈনিক ৫০০ মিলিয়ন ঘণফুট গ্যাস সরবরাহ করতে বছরে সরকারের ব্যয় হবে প্রায় **১৫৬** কোটি ডলার। এর মধ্যে কর, ভ্যাট, বিমা ও অগ্রিম আয়কর ব্যতীত পেট্রোবাংলাকে বছরে পরিশোধ করতে হবে ৯ কোটি ডলার। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৩)।

=৩=

**৬। পদ্মা সেতুর ৩৫ শতাংশ কাজ সম্পন্ন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, চলতি বর্ষা মৌসুমে পদ্মা সেতুর কাজের কোনো বিঘ্ন ঘটবে না। বর্তমানে পদ্মা সেতুর **১৪** নম্বর পাইলিংয়ের কাজ শেষ হয়েছে। এ পর্যন্ত পদ্মা সেতুর **৩৫** শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। গতকাল ২২ জুন বুধবার ঢাকা-মাওয়া মহাসড়কে মুন্সীগঞ্জের সিরাজদীখান উপজেলার নিমতলা এলাকায় বিআরটিএর মোবাইল কোর্ট কার্যক্রম পরিদর্শনকালে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এসব কথা বলেন। গতকাল ২২ জুন বুধবার থেকে মহাসড়কে মোবাইল কোর্ট চলাকালে বিভিন্ন যানবাহনের বিরুদ্ধে **১১**টি মামলা ও বিভিন্ন যানবাহনকে সাড়ে **১০** হাজার টাকা জরিমানা করা হয়। সূত্র- **সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৮), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৩), **যুগান্তর** (পৃ.১৬,ক.৫)।

**৭। এফডিআই প্রবৃদ্ধিতে দক্ষিণ এশিয়ায় শীর্ষে বাংলাদেশ**
**: প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ নিয়ে আঙ্কটাডের রিপোর্ট**

**২০১৫** সালে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) প্রাপ্তিতে দক্ষিণ এশিয়ার বেশিরভাগ দেশের প্রবৃদ্ধি কমলেও বাংলাদেশে বেড়েছে এবং সেটা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ। বাংলাদেশে এফডিআই এসেছে ২২৩ কোটি মার্কিন ডলার। আগের বছর এসেছিল **১৫৫** কেটি ডলার। অর্থাৎ আগের বছরের তুলনায় এফডিআই বেড়েছে বা প্রবৃদ্ধি হয়েছে প্রায় ৪৪ শতাংশ। সবচেয়ে বেশি সরাসরি বিদেশি বিনিয়োগ এসেছে জ্বালানি খাতে। এ খাতে এসেছে ৫৭ কোটি ডলার। আর বস্ত্র খাতে এসেছে ৪৪ কোটি ডলার। বাণিজ্য ও উন্নয়ন সম্পর্কিত জাতিসংঘের অঙ্গ সংস্থা ইউনাইটেড ন্যাশন্স করফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্টের (আঙ্কটাড) 'বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন-২০১৫' তে এসব তথ্য তুলে ধরা হয়েছে। গতকাল ২২ জুন বুধবার বিনিয়োগ বোর্ডের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ প্রতিবেদন তুলে ধরা হয়। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭)। **জনকণ্ঠ, সমকাল** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। বাংলাদেশিদের গড় আয়ু বেড়ে দাঁড়িয়েছে ৭১ বছর**

দেশের মানুষের গড় আয়ুষ্কাল বেড়ে দাঁড়িয়েছে ৭০ দশমিক ৯ বছর। জনসংখ্যা দাঁড়িয়েছে **১৫** কোটি ৮৯ লাখে। **২০১৫** সালের জরিপের ভিত্তিতে এই তথ্য জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। আদমশুমারির পর প্রতি বছর জন্ম, মৃত্যু, বিবাহসহ জনতাত্ত্বিক বিভিন্ন পরিসংখ্যান সমন্বয়ের জন্য 'স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস' শিরোনামে জরিপ কার্যক্রমটি পরিচালিত হয়। গতকাল ২২ জুন বুধবার **২০১৫** সালের তথ্য সংগ্রহ করে জরিপ প্রতিবেদনটি উপস্থাপন করা হয়। সূত্র-**ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সংলাপ শুরু আজ : প্রধান ইস্যু সন্ত্রাসবাদ মোকাবিলা**

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে আজ ২৩ জুন বৃহস্পতিবার শুরু হচ্ছে দু'দিনব্যাপী বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপ। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে এটি চতুর্থ অংশীদারিত্ব সংলাপ। এ সংলাপে অংশ নেওয়ার জন্য পররাষ্ট্র সচিব শহীদুল হকের নেতৃত্বে একটি প্রতিনিধি দল এরই মধ্যে যুক্তরাষ্ট্রে পৌঁছেছে। বাংলাদেশের স্থানীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার মধ্যরাতে (ওয়াশিংটনের স্থানীয় সময় অনুযায়ী সকাল) এ সংলাপ শুরু হবে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এবারে সংলাপে সন্ত্রাসবাদ দমন ইস্যুটিই সবচেয়ে গুরুত্ব পাচ্ছে। তবে বাংলাদেশের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরি পোশাকের জন্য জিএসপি সুবিধা পুনর্বহালের বিষয়টিও উত্থাপন করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.২), **ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

**১০। আজ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস**

আজ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস। মেধাবী তরুণ জনগোষ্ঠীকে পেশা হিসেবে পাবলিক সার্ভিসকে বেছে নিতে উৎসাহিত করার উদ্দেশে জাতিসংঘের ঘোষণা অনুযায়ী প্রতিবছর ২৩ জুন বিশ্বব্যাপী আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস পালিত হয়ে আসছে। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযথভাবে এ দিবসটি পালিত হবে। বিভিন্ন মন্ত্রণালয় এবং সরকারের নানা সংস্থা বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে দেশব্যাপী দিবসটি পালন করবে। এ বছর প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'টেকসই উন্নয়ন-লক্ষ্য অর্জনে জনমুখী সেবা ও উদ্ভাবনী প্রয়াস'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ.২,ক.১), সংবাদ** (পৃ.৪,ক.৮)**, বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।



**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশব্যাপী পল্লী সঞ্চয় ব্যাংকের ১০০টি শাখার যাত্রা শুরু হওয়ায় কে স্বাগত জানিয়ে তা গ্রামীণ মানুষকে সঞ্চয়ে উৎসাহিত করতে এবং ব্যাংকিং সেবা দিতে অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো, সমকাল :** খুনের মামলায় আদালতের পরোয়ানাভুক্ত পলাতক আসামী সাংসদ আমানুর রহমান খান ওরফে রানার জাতীয় সংসদে এসে হাজিরা খাতায় সই দিয়ে নির্বিঘ্নে চলে যাওয়ার ঘটনাটি অনেক প্রশ্নের জন্ম দেওয়ায় এ ব্যাপারে আইনের সঠিক প্রয়োগের সুপারিশ।

গ. **সংবাদ, প্রথম আলো, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান :** ইউনিয়ন অফিস দখলকে কেন্দ্র করে পরিবহণ শ্রমিকদের স্বেচ্ছাচারিতায় ১০ ঘন্টা চরম ভোগান্তিতে কাটাতে হয় দুরপাল্লার বাসযাত্রীদের উল্লেখ করে পরিবহণ খাতে এ ধরনের নৈরাজ্য ও বিশৃঙ্খলা এবং যাত্রী ভোগান্তি গ্রহণযোগ্য নয় বলে মত প্রকাশ।

ঘ. **যুগান্তর :** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৩৩ বছরের পুরানো মেয়াদোত্তীর্ণ রাডার দিয়ে ফ্লাইট ওঠানামার কাজ চালানোর বিষয়টি উদ্বেগজনক উল্লেখ করে নিরাপদ বিমান চলাচলের স্বার্থে দ্রুত অত্যাধুনিক রাডার প্রতিস্থাপন করার প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ডেইলি স্টার :** ভেজাল, নকল ও নিম্নমানের ওষুধের বিস্তার প্রতিরোধে খ্যাতনামা ওষুধ কোম্পানির গৃহীত উদ্যোগের সফল প্রয়োগের প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সংসদ সদস্যদের প্লট ও ফ্ল্যাট দেওয়ার বিষয়ে পূর্তমন্ত্রীর ঘোষণার পরিপ্রেক্ষিতে নিয়ম ভঙ্গ করে এ বিষয়ে নতুন করে সিদ্ধান্ত না নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** আসন্ন ঈদে ফুটপাতের ব্যবসায়ীদের থেকে শুরু করে বাস, রেল, লঞ্চ সর্বত্র চাঁদাবাজি বন্ধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউজ টুডে :** সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে প্রাক্তন ছাত্রী অপহরণের বিষয় তুলে ধরে কর্তৃপক্ষকে দুষ্কৃতকারীদের হাত থেকে ক্যাম্পাসকে নিরাপদ রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঝ. **নিউ নেশন, নিউ এজ :** ভারতের বিতর্কিত আন্তনদী সংযোগ প্রকল্প চালুর উদ্যোগে গভীর উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশের জন্য মারাত্মক ক্ষতিকর এ প্রকল্প বন্ধে বাংলাদেশ সরকারকে দ্রুত সর্বাত্মক পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ রাজনৈতিক স্থিতিশীলতা অক্ষুণ্ন রেখে জাতীয় অগ্রগতিকে সমুন্নত রেখে চলতে পারলে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'কৃষিতে ভ্যাট নয় সরকারি বিনিয়োগ চাই'** শিরোনামের নিবন্ধে অমিত রঞ্জন দে, আব্দুল কাইয়ূম খাদ্য নিরাপত্তার স্থিতিশীলতা বজায় রাখতে কৃষিতে সরকারি বিনিয়োগ এবং সেবার মান বৃদ্ধির বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা